গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় ভূ-সম্পত্তি দপ্তর
বাংলাদেশ রেলওয়ে, পাহাড়তলী, চট্টগ্রাম

নং- ডিইও/৩৮২/মৎস্য/ভেলুয়ারদীঘি/১৯৮৪ ১৯৫

তারিখ: ৬/০২/২০২০খ্রিঃ

জরুরী দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারনের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে আইন কর্মকর্তা (পূর্ব) দপ্তর থেকে এলও/ই/৭৩/এইচসি-ডব্লিউপি/১৬(এস্টেট), ২৪/১১/১৯খ্রিঃ মোতাবেক পাহাড়তলীস্থ বাংলাদেশ রেলওয়ের মালিকানাধীন ভেলুয়ার দিঘী টেন্ডারের মাধ্যমে লীজ/লাইসেন্স প্রদানে আইনগত কোন বাধা নেই মর্মে মতামতের আলোকে এবং সিইও/পূর্ব/জলাশয়/চট্টগ্রাম বিভাগ/৬১৩/০৫, তারিখ ০২/০১/২০২০খ্রিঃ এবং সিইও/পূর্ব/সিসি/দাপ্তরিক ভাষ্য-২০০২/পার্ট-১/১১৪৭, তারিখ ২৬/১১/১৯খ্রিঃ মোতাবেক জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনার প্রেক্ষিতে বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম এস্টেট বিভাগের আওতাধীন পাহাড়তলী মৌজাস্থ ভেলুয়ার দিঘী ১৪২৬ বাংলা সন হতে ১৪৩০ বাংলা সন পর্যন্ত ০৫ (পাঁচ) বছর মেয়াদে মৎস্য চাষের নিমিত্ত লাইসেন্স গ্রহনে আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে সীলমোহরযুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। লাইসেন্স গ্রহণে আগ্রহী ব্যক্তিবর্গের প্রতিটি দরপত্র দলিল নগদ ১০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) মূল্যে বিভাগীয় ভূ-সম্পত্তি কর্মকর্তা, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম/ঢাকা, প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব) ও (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, সিআরবি, চট্টগ্রাম ও রাজশাহী এবং জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম হতে (যে দপ্তরের জন্য যেটা প্রযোজ্য) ক্রয়/সংগ্রহ এবং নির্ধারিত তারিখ ও সময়ে উক্ত অফিস সমূহে রক্ষিত বাক্সে দরপত্র দলিল দাখিল করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র দলিল বিক্রয় করা হবে না। নির্ধারিত তারিখ ও সময় অনুযায়ী আগ্রহী দরপত্র দাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র দলিল খোলা হবে। সরকারী দরের ডাকের নীচে কোন দর গ্রহণযোগ্য হবে না। রেলওয়ে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র কার্য্যক্রম গ্রহণ বা সার্বিক দরপত্র কার্য্যক্রম বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

"তপশীল"

স্টেশন/এলাকা	লাইসেন্সযোগ্য জলাশয়ের তফসিল অবস্থান	ভূমির পরিমান	সরকারী দর	দরপত্র দলিল ক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়
পাহাড়তলী	পাহাড়তলী মৌজাস্থ ভেলুয়ার দিঘী	১৩.৭৪ একর	৮২৪৪০০/-(আট লক্ষ চব্বিশ হাজার চারশত টাকা মাত্র)	২৪/০২/২০২০খ্রিঃ সোমবার (অফিস চলাকালী সময়)	০১/০৩/২০২০খ্রিঃ রবিবার (সকাল ১০.০০ ঘটিকা হতে ১২.০০ ঘটিকা পর্যন্ত)	০৩/০৩/২০২০খ্রিঃ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকা

বিভাগীয় ভূ-সম্পত্তি কর্মকর্তা
বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম
তারিখ ঃ ৬/০২/২০২০খ্রিঃ

নং- ডিইও/৩৮২/মৎস্য/ভেলুয়ারদীঘি/১৯৮৪ ১৯৫
অনুলিপি ঃ সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো। (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মহাব্যবস্থাপক (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
২. জেলা প্রশাসক, চট্টগ্রাম মহোদয়কে অবগতি ও ০২ (দুই) সেট করে দরপত্র দলিল বিক্রয়ের জন্য অনুরোধ সহকারে এসাথে প্রেরণ করা হলো এবং অবিক্রিত দরপত্র দলিল এ দপ্তরে ফেরত পাঠানোর জন্য সবিনয় অনুরোধ করা হলো এবং দরপত্র দাখিলের সুবিধার্থে ০১/০৩/২০২০খ্রিঃ তারিখ সকাল ৯.০০ ঘটিকায় একটি দরপত্র বাক্স পূর্ববর্তী সময়ের ধারাবাহিকতায় মহাদয়ের দপ্তরে বসানোর সদয় অনুমতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং দাখিলকৃত দরপত্র দলিলাদি এ দপ্তরে প্রেরণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।
৩. এফএএন্ডসিএও(পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
৪. প্রধান প্রকৌশলী (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে. চট্টগ্রাম।
৫. প্রধান ভূ-সম্পত্তি কর্মকর্তা (পূর্ব) (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও রাজশাহী মহোদয়কে অবগতি ও ০২ (দুই) সেট করে দরপত্র দলিল বিক্রয়ের জন্য অনুরোধ সহকারে এসাথে প্রেরণ করা হলো এবং অবিক্রিত দরপত্র দলিল এ দপ্তরে ফেরত পাঠানোর জন্য সবিনয় অনুরোধ করা হলো এবং দরপত্র দাখিলের সুবিধার্থে ০১/০৩/২০২০খ্রিঃ তারিখ সকাল ৯.০০ ঘটিকায় একটি দরপত্র বাক্স মহাদয়ের দপ্তরে বসানোর সদয় অনুমতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন এবং দাখিলকৃত দরপত্র দলিলাদি এ দপ্তরে প্রেরণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।
৬. সিএসটিই (টেলিকম), রেলভবন, ঢাকা। দরপত্র বিজ্ঞপ্তি বাংলাদেশ রেলওয়ের ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৭. বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম ও ঢাকা।
৮. ডিইও/ঢাকা অবগতি ও ০২ (দুই) সেট করে দরপত্র দলিল বিক্রয়ের জন্য অনুরোধ সহকারে এসাথে প্রেরণ করা হলো এবং অবিক্রিত দরপত্র দলিল এ দপ্তরে ফেরত পাঠানোর জন্য অনুরোধ করা হলো এবং দরপত্র দাখিলের সুবিধার্থে ০১/০৩/২০২০খ্রিঃ তারিখ সকাল ৯.০০ ঘটিকায় একটি দরপত্র বাক্স পূর্ববর্তী সময়ের ধারাবাহিকতায় তার দপ্তরে বসানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং দাখিলকৃত দরপত্র দলিলাদি এ দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
৯. উপ-পরিচালক, প্রচার ও জন সংযোগ/পূর্ব/বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম এর অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত জাতীয় ০২ (দুই) টি দৈনিক (১টি বাংলা ও ১টি ইংরেজী) পত্রিকায় এবং স্থানীয় ০২ (দুই) টি দৈনিক বাংলা পত্রিকায় পর পর ০২ (দুই) দিন প্রচারের ব্যবস্থা গ্রহণ পূর্বক বিজ্ঞপ্তির কপি সহ এ দপ্তরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো এবং ১০(দশ) কপি নিলাম বিজ্ঞপ্তির প্রচার পূর্বক পত্রিকার ০১ (এক) কপি অত্র দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১০. ডিইও/চট্টগ্রাম
১১. ডিসিও/চট্টগ্রাম
১২. ডিএফএ/চট্টগ্রাম
} দরপত্র মূল্যায়ন কমিটি (TEC) সদস্য হিসেবে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থেকে দরপত্র/কার্য্য সুষ্ঠু ভাবে পরিচালনা/সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।
১৩. বিভাগীয় প্রকৌশলী-১, ২, ও ৩ বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
১৪. কমানডেন্ট, আরএনবি,চট্টগ্রাম। তাঁকে বর্ণিত দরপত্র খোলার তারিখে একজন কর্মকর্তার অধীনে প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র ফোর্স মোতায়েন করার জন্য অনুরোধ করা হলো এবং জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম হতে দরপত্র দাখিল সংক্রান্ত দলিলাদি আনয়নে প্রয়োজনীয় নিরাপত্তা প্রদানের জন্য কানুনগো/আমিনের চাহিদার প্রেক্ষিতে আরএনবি ফোর্স প্রদানের জন্য অনুরোধ করা হলো। ।
১৫. উপ-অর্থ উপদেষ্টা ও প্রধান হিসাব অধিকর্তা, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।
১৬. অফিসার ইনচার্জ, জিআরপি, চট্টগ্রাম ষ্টেশন। তাঁকে বর্ণিত দরপত্র দাখিলের তারিখে একজন কর্মকর্তার অধীনে প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র ফোর্স মোতায়েন করার জন্য অনুরোধ করা হল।
১৭. এইএন/১/চট্টগ্রাম
১৮. এডিএও/চট্টগ্রাম
১৯. প্রধান সহকারী, ডিইও/চট্টগ্রাম দপ্তর
২০. ইন্সপেক্টর, আরএনবি/চট্টগ্রাম।
} দরপত্র খোলা কমিটি (TOC) সদস্য হিসেবে নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থেকে দরপত্র/কার্য্য সুষ্ঠু ভাবে পরিচালনা/সম্পাদনের জন্য অনুরোধ করা হলো।
২১. ফিল্ড কানুনগো/আমিন/ভারপ্রাপ্ত আমিন, সদর, ষোলশহর, ফেনী, কুমিল্লা ও লাকসাম কাচারীর অবগতি ও ঢোল/ঢোল-সহরত/মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা নিশ্চিতকরণ সহ বর্ণিত দরপত্র খোলার তারিখে কার্যক্রমে ব্যক্তিগতভাবে হাজির থাকার জন্য নির্দেশ দেয়া হল।
২২. স্টেশন মাষ্টার, চট্টগ্রাম ও পাহাড়তলী স্টেশন।
২৩. জনাব ---------- ফিল্ড কানুনগো/আমিন, ----------কাচারী, ডিইও/চট্টগ্রাম দপ্তর। ০১/০৩/২০২০খ্রিঃ জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম দপ্তরে যোগাযোগ করতঃ দরপত্র দাখিল সংক্রান্ত দলিলাদি গ্রহণ পূর্বক প্রয়োজনীয় সংখ্যাক আরএনবি ফোর্সসহ অত্র দপ্তরে আনয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য দায়িত্ব প্রদান করা হলো।
২৪. নোটিশ বোর্ড।

অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হল (জেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

২৫. অধিনায়ক, র‍্যাব-৭, স্টিল মিল, চট্টগ্রাম।
২৬. উপ-পুলিশ কমিশনার/উত্তর/দক্ষিণ, নগর বিশেষ শাখা, সিএমপি, চট্টগ্রাম।
২৭. অফিসার ইনচার্জ, খুলশী থানা, চট্টগ্রাম। বর্ণিত তারিখ ও সময়ে একজন উপযুক্ত কর্মকর্তার অধীনে প্রয়োজনীয় সংখ্যক সশস্ত্র ফোর্স নিয়োগ করার জন্য অনুরোধ করা হলো।

বিভাগীয় ভূ-সম্পত্তি কর্মকর্তা
বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম